নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
হিসাব শাখা-১
www.pwd.gov.bd

তারিখ: ৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২৩১.৪১.০১২০.২১.৩৮৭

**বিষয়: শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের কাজের জন্য অর্থ বরাদ্দ।**

সূত্র: উপসচিব ও প্রকল্প পরিচালক (অঃদাঃ) এর স্মারক নং-২০২০-১৩ তারিখঃ ২৯ মে ২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৪-২০২৫ আর্থিক সালে খরচ করার জন্য মোট ৩৩.৫৪ লক্ষ (তেত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার) টাকা নিম্ন বর্নিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো।

| ক্রমিক | গণপূর্ত বিভাগ | টাকা | গণপূর্ত সার্কেল |
|---|---|---|---|
| ০১ | গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম | ৩১.০০ | চট্টগ্রাম-১ |
| ০২ | গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম | ০০.৬৬ | চট্টগ্রাম-১ |
| ০৩ | গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার | ১.৮৮ | সিলেট |
| | মোট= | ৩৩.৫৪ | |

সূত্রস্থ স্মারকের মাধ্যমে উপসচিব ও প্রকল্প পরিচালক (অঃদাঃ), শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্প, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক ঢাকা কর্তৃক মঞ্জুরিকৃত মোট ৩৩.৫৪ লক্ষ টাকা হিসাবের কোড নং ৪১১১৩০১ খাতের ২০২৪-২০২৫ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান করতে হবে। উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

**শর্তসমূহঃ**

(ক) প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

(খ) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।

(গ) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

(ঘ) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

(ঙ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথা সময়ের মধ্যে এ দপ্তরের নিকট সমর্পণ করতে হবে।

(চ) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে The Public Procurement Act 2006 এবং The Public Procurement Rules 2008 অনুসরণসহ যাবতীয় বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে।

(ছ) পৃষ্টাংকন পত্র প্রাপ্তি সাপেক্ষে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

২২-০৬-২০২৫
মোঃ সাখাওয়াৎ হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
০২২২৩৩৮৮৯১৪
se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-চট্টগ্রাম-১/চট্টগ্রাম-২/মৌলভীবাজার
।

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২৩১.৪১.০১২০.২১.৩৮৭/১ (১২)

তারিখ: ৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা,, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর,, ঢাকা।।
৩। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (পেকু), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-চট্টগ্রাম-১/, সিলেট।
৬। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন শীর্ষক প্রকল্প, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়, সেগুনবাগিচা, ঢাকা।।
১২। গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, অত্র অধিদপ্তর, ঢাকা।।

২২-০৬-২০২৫
মোঃ সাখাওয়াৎ হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)